




দৈনিক
# আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক








শুক্রবার | ২৯ জুলাই ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৩১৩ সংখ্যা | ১৪ শ্রাবণ ১৪২৯ সাল | ২৯ জিলহজ্ব ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের বরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠান

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ব দু'দলে বিভক্ত। একদল অ্যাডামস্মিথের পুঁজিবাদী অর্থনীতির পক্ষে এবং অন্যদল কার্ল মার্কসের সমাজতান্ত্রিক অর্থনীতির পক্ষে। বস্তুত এই অর্থনীতিই মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে। তাতে রাজনীতির ভূমিকাও থাকে। অর্থনীতি যে মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে তা সহজে বোঝা যায়, ধনী ও দরিদ্র পরিবারের দিকে তাকালে। ধনী পরিবারের সন্তান যেভাবে বেড়ে উঠে, দরিদ্র পরিবারের সন্তান সেভাবে বেড়ে উঠতে পারে না। তারা যথার্থ মানুষ হয়ে উঠার জন্য স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি অর্জনের সুযোগ পায় না।

গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের অনার্স পর্বের ৩১, ৩২ ও ৩৩তম ব্যাচের বরণ এবং মাস্টার্স পর্বের ২২ ও ২৩ তম ব্যাচের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রফেসর ড. অনুপম সেন আরও বলেন, প্রত্যেকে জীব হিসেবে জন্মগ্রহণ করে। তারপর তাকে মানুষ হয়ে উঠতে হয়। অর্থনীতি মানুষকে মানুষ হওয়ার সুযোগ দেয়। এই সুযোগের ফলেই একজন শিশু মানুষ হয়ে উঠে। বিভাগের শিক্ষার্থী সাদিয়া আলম রুশ্নি ও স্বজন বড়ুয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ, সহকারী অধ্যাপক বদরুল হাসান আউয়াল, প্রভাষক অর্পিতা দত্ত, প্রভাষক উম্মে সালমা, প্রভাষক ফারিয়া হোসেন বর্ষা, প্রভাষক সুদীপ দে ও বিভাগের শিক্ষার্থীরা। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 29 July 2022, Page: 3, Col: 7
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-07-29

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম শুক্রবার ২৯ জুলাই ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

cleanzy Formulations Ltd.
ক্লিনজি হ্যান্ড ওয়াস
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ১৫৭ তম সংখ্যা।। ১৪ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ।। ২৯ জিলহজ্ব ১৪৪৩ হিজরি।। Friday 29 July 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

# অর্থনীতি মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে

## প্রিমিয়ার ইউনিভার্সিটি অর্থনীতি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে ভিসি ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ব দু'দলে বিভক্ত। একদল অ্যাডামস্মিথের পুঁজিবাদী অর্থনীতির পক্ষে এবং অন্যদল কার্ল মার্কসের সমাজতান্ত্রিক অর্থনীতির পক্ষে। বস্তুত এই অর্থনীতিই মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে। তাতে রাজনীতির ভূমিকাও থাকে। অর্থনীতি যে মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে তা সহজে বোঝা যায়, ধনী ও দরিদ্র পরিবারের দিকে তাকালে। ধনী পরিবারের সন্তান যেভাবে বেড়ে উঠে, দরিদ্র পরিবারের সন্তান সেভাবে বেড়ে উঠতে পারে না। তারা যথার্থ মানুষ হয়ে উঠার জন্য স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি অর্জনের সুযোগ পায় না।গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের অনার্স পর্বের ৩১, ৩২ ও ৩৩ তম ব্যাচের বরণ এবং মাস্টার্স পর্বের ২২ ও ২৩ তম ব্যাচের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ, সহকারী অধ্যাপক বদরুল হাসান আউয়াল, প্রভাষক অর্পিতা দত্ত, প্রভাষক উম্মে সালমা, প্রভাষক ফারিয়া হোসেন বর্ষা, প্রভাষক সুদীপ দে ও বিভাগের শিক্ষার্থীরা। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 29 July 2022, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-07-29

শুক্রবার
চট্টগ্রাম
২৯ জুলাই ২০২২
১৪ শ্রাবণ ১৪২৯
২৯ জিলহজ ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-২১৬

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phictg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

▶ শুভ সকাল
প্রবাসীদের টাকা পাঠানো সহজ করার নির্দেশ

▶ দশ কথার এক কথা
আমাদের মনস্তাত্ত্বিক সমস্যা আছে : সিইসি

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত ১,২৮,৪০৬ মৃত্যু ১,৩৬৭

▶ শেষ পাতায়
দেশে জনসংখ্যার ১৯% তরুণ




অনুষ্ঠানে বক্তব্য দেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ড. অনুপম সেন

# মানুষের জীবন নিয়ন্ত্রণ করে অর্থনীতি : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ব দু'দলে বিভক্ত। একদল অ্যাডামস্মিথের পুঁজিবাদী অর্থনীতির পক্ষে এবং অন্যদল কার্ল মার্কসের সমাজতান্ত্রিক অর্থনীতির পক্ষে। বস্তুত এই অর্থনীতিই মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে। তাতে রাজনীতির ভূমিকাও থাকে। অর্থনীতি যে মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে তা সহজে বোঝা যায়, ধনী ও দরিদ্র পরিবারের দিকে তাকালে। ধনী পরিবারের সন্তান যেভাবে বেড়ে উঠে, দরিদ্র পরিবারের সন্তান সেভাবে বেড়ে উঠতে পারে না। তারা যথার্থ মানুষ হয়ে উঠার জন্য স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি অর্জনের সুযোগ পায় না।

গত ২৮ জুলাই সকাল সাড়ে ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের অনার্স পর্বের ৩১, ৩২ ও ৩৩ তম ব্যাচের বরণ এবং মাস্টার্স পর্বের ২২ ও ২৩ তম ব্যাচের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে ড. সেন ১ম, ২য় ও ৩য় শিল্পবিপ্লব, মধ্যযুগের অর্থনীতি, প্রকৃতির বিপর্যয়, মানুষের তৈরি বিপর্যয়, বিশ্বায়নের ক্ষতিকর দিক, শিকাগোর শ্রমিক আন্দোলন সম্পর্কে গুরুত্বপূর্ণ বিবরণ দেন। বিভাগের শিক্ষার্থী সাদিয়া আলম রুশ্নি ও স্বজন বড়ুয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন মানে এক সীমাহীন জলরাশির মধ্যে সাঁতার কাটা। অর্থনীতি সামাজিক বিজ্ঞানই কেবল নয়, তার সাথে মানবিকতারও সম্পর্ক রয়েছে। সুতরাং অর্থ ও অর্থনীতি তোমাদের যেন মঙ্গলের দিকে ধাবিত করে, অমঙ্গলের দিকে নয়।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, বিশ্বে বাংলাদেশ একটি জনবহুল দেশ। বর্তমানে এর জনসংখ্যা ১৬ কোটি ৫১ লক্ষ। এদেশের মূল সমস্যা এই বিপুল জনসংখ্যা। এই সমস্যাকে নিরসন করতে হলে এই জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তরিত করতে হবে। অর্থনীতির শিক্ষার্থীদের অর্থনীতি বিষয়ক জ্ঞান অর্জন করে জনশক্তি হওয়ার দিকে নজর দিতে হবে। সেজন্য তাদেরকে পদ ও পদবির দিকে না তাকিয়ে কাজের দিকে মনোযোগী হতে হবে। সভাপতির বক্তব্যে ফারজানা ইয়াসমিন চৌধুরী বলেন, অর্থনীতি বিষয়ক জ্ঞান কাজে লাগিয়ে মানবিক বিশ্ব গড়ে তোলায় বিভাগের শিক্ষার্থীদের জড়িত হতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ, সহকারী অধ্যাপক বদরুল হাসান আউয়াল, প্রভাষক অর্পিতা দত্ত, প্রভাষক উম্মে সালমা, প্রভাষক ফারিয়া হোসেন বর্ষা, প্রভাষক সুদীপ দে ও বিভাগের শিক্ষার্থীরা। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 29 July 2022, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?date=29-07-2022&page=2

চট্টগ্রাম • শুক্রবার • ২৯ জুলাই ২০২২ • ১৪ শ্রাবণ ১৪২৯ • ২৯ জিলহজ ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ৩৩০ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



শিল্পসাহিত্য
ইদ্রিস মিয়ার সাথে মান্দোর দেখা ৩

সংবাদ ৪
'প্রত্যক্ষ অংশগ্রহণে অর্জিত জ্ঞানই অনন্য সম্বল'



দেশগ্রাম ৫
৩১ বছরেও উন্নয়নের ছোঁয়া লাগেনি

বিনোদন
৬ ভাইয়ের সিনেমায় নায়িকা সোনাক্ষী



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উপাচার্য

# অর্থনীতি মানুষের জীবন নিয়ন্ত্রণ করে

'বিশ্ব দু'দলে বিভক্ত। একদল অ্যাডামস্মিথের পুঁজিবাদী অর্থনীতির পক্ষে এবং অন্যদল কার্ল মার্কসের সমাজতান্ত্রিক অর্থনীতির পক্ষে। বস্তুত এই অর্থনীতিই মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে। তাতে রাজনীতির ভূমিকাও থাকে। অর্থনীতি যে মানুষের জীবন নিয়ন্ত্রণ করে থাকে তা সহজে বোঝা যায়, ধনী ও দরিদ্র পরিবারের দিকে তাকালে। ধনী পরিবারের সন্তান যেভাবে বেড়ে উঠে, দরিদ্র পরিবারের সন্তান সেভাবে বেড়ে উঠতে পারে না। তারা যথার্থ মানুষ হয়ে ওঠার জন্য স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি অর্জনের সুযোগ পায় না।'

বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের অনার্স পর্বের ৩১, ৩২ ও ৩৩ তম ব্যাচের বরণ এবং মাস্টার্স পর্বের ২২ ও ২৩ তম ব্যাচের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রফেসর ড. অনুপম সেন আরও বলেন, অর্থনীতি মানুষকে মানুষ হওয়ার সুযোগ দেয়। এই সুযোগের ফলেই একজন শিশু মানুষ হয়ে উঠে। প্রফেসর ড. অনুপম সেন প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বক্তব্যের প্রসঙ্গ টেনে বলেন, প্রধানমন্ত্রী বলেছেন আজকের বাংলাদেশের অর্থনীতির উদ্দেশ্য হলো একটি মানুষের মাথায় ছাদ থাকবে, তার শিক্ষার সুযোগ থাকবে, খাদ্যের নিশ্চয়তা থাকবে এবং তার জীবনে সংস্কৃতির স্পর্শ থাকবে। বিভাগের শিক্ষার্থী সাদিয়া আলম রুশ্নি ও স্বজন বড়ুয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমাদের দেশ ও জাতিকে এগিয়ে নিতে হবে। এ কারণে তোমাদের মানবিক গুণসম্পন্ন মানুষ হতে হবে, সচেতন হতে হবে। তা না হলে অর্থনীতি বিষয়ে বিশ্ববিদ্যার গভীরে পৌঁছাতে পারবে না। মনে রাখতে হবে, বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন মানে এক সীমাহীন জলরাশির মধ্যে সাঁতার কাটা।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, জ্ঞানের শক্তির চেয়ে বড় শক্তি নেই।

সভাপতির বক্তব্যে ফারজানা ইয়াসমিন চৌধুরী বলেন, অর্থনীতি বিষয়ক জ্ঞান কাজে লাগিয়ে মানবিক বিশ্ব গড়ে তোলায় বিভাগের শিক্ষার্থীদের জড়িত হতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ, সহকারী অধ্যাপক বদরুল হাসান আউয়াল, প্রভাষক অর্পিতা দত্ত, প্রভাষক উম্মে সালমা, প্রভাষক ফারিয়া হোসেন বর্ষা, প্রভাষক সুদীপ দে ও বিভাগের শিক্ষার্থীরা। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 29 July 2022, Page: 4, Col: 1
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-07-29